

ঢাকা ওয়াসা

- ১) ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২) ক্যালকুলেশন সিট।
- ৩) প্রাক্কলন।

বিষয়ঃ Repairing & Maintenance of water line leakage at DMA-114 Area Under MODS Zone-01, Dhaka WASA.

১। সংযুক্তি নং-১ হতে সদয় দেখা যেতে পারে। অত্র জোনের আওতাধীন সর্বমোট ২১ টি ডিএমএ ইতিমধ্যে হস্তান্তর করা হয়েছে এবং ডিএমএ-১১৪ এর ডিফেক্ট লাইবিলিটি সময়সীমা ইতিমধ্যে শেষ হয়েছে। উক্ত ডিএমএ মেরামত এবং রক্ষণাবেক্ষন বর্তমানে মডস জোন-১ এর আওতায় রয়েছে। ডিএমএ-১১৪ এর আওতায় আওতায় আর এম দাস রোড, ফরাশগঞ্জ, লালকুঠি, মোহনী মোহন দাস লেন, আহসানউল্লাহ রোড, সদরঘাট, লেডিস মার্কেট, চিত্তরঞ্জন এভিনিউ, বাংলাবাজার, প্যারিদাস রোড, জাঙ্গিস লাল মোহন দাস লেন, ডিস্ট্রিলারী রোড, ওলটিলগঞ্জ, বিকে দাস রোড, রুপচাঁন লেন, সুকলাল দাস লেন এলাকা রয়েছে। এসব এলাকায় বিদ্যমান পানি সরবরাহ স্বাভাবিক রাখার জন্য উপরোক্ত ডিএমএ এর ভিতরে সিটি কর্পোরেশনের কাজের সময় ও বিভিন্ন কারনে পানির লাইনে লিকেজ সংঘটিত হয় যা জরুরি ভিত্তিতে মেরামত করার প্রয়োজন হয়ে থাকে। এভাবে সুষ্ঠুভাবে ডিএমএ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করে পানি সরবরাহ স্বাভাবিক রাখা যাবে। ফলে পানির লাইনের মত গুরুত্বপূর্ণ ডিএমএ এর স্থাপনার স্থায়ীত্ব দীর্ঘস্থায়ী হবে। সে-প্রেক্ষিতে একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে যার টাকার পরিমাণ টাঃ ২,৯৭,৮৭৭.১৫০ (দুই লক্ষ সাতানব্বই হাজার আটশত সাতাত্তর দশমিক এক পাঁচ শূন্য) টাকা মাত্র (সংযুক্তি-৩)। প্রস্তাবিত কাজের ব্যয়ভার ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পানির লাইন রক্ষণাবেক্ষনের ক্রমিক নং- P2(12) খাত হতে নির্বাহ করা হবে। আলোচ্য কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৬৩ অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM), e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে।

২। এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে মডস জোন-১ এর আওতাধীন Repairing & Maintenance of water line leakage at DMA-114 Area Under MODS Zone-01, Dhaka WASA. কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৬৩ অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM), e-GP প্রক্রিয়ায় সম্পাদনের জন্য উপস্থাপিত টাঃ ২,৯৭,৮৭৭.১৫০ (দুই লক্ষ সাতানব্বই হাজার আটশত সাতাত্তর দশমিক এক পাঁচ শূন্য) টাকার প্রাক্কলনটির সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলীর আওতাধীন।

১৩/০৫/২০২৫

তাপস সাহা
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা।

১৩/০৫/২০২৫

মোঃ মেহেদী হাসান
সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা।

১৩/০৫/২০২৫

মোঃ আনোয়ার হোসেন
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা

৩। অনুমোদিত।

১৩/০৫/২০২৫

মোঃ ফিরোজ আমম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

১৩/০৫/২০২৫